

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৩.২৯.০১৯.১৬(অংশ-১)- ৫৮৮

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
১১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আগামী ১৬ – ১৮ মে, ২০১৭ পর্যন্ত সকল উপজেলায় ইন্টারনেট সপ্তাহ আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক ৫৬.০৪.০০০০.০০৩.২৯.০১৯.১৬(অংশ-১)-৪৬২; তারিখ ১২ এপ্রিল ২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার রূপকল্প- ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সার্বিক তত্ত্বাবধানে আগামী ১৬ – ১৮ মে, ২০১৭ পর্যন্ত ০৩(তিন) দিন সকল উপজেলায় জাতীয় ইন্টারনেট সপ্তাহ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। আগামী ১৬ - ১৮ মে, ২০১৭ পর্যন্ত ০৩(তিন) দিন ব্যাপী প্রত্যেকটি উপজেলায় ইন্টারনেট সপ্তাহ আয়োজনের লক্ষ্যে নির্দেশাবলী সংযুক্ত একটি পত্র সকল উপজেলা নির্বাহী অফিসার বরাবর সূত্রোক্ত স্মারকে প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে উক্ত ইন্টারনেট সপ্তাহ আয়োজনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা ওয়ারী বাজেট বিভাজন পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)। বরাদ্দকৃত বাজেটের চেক সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ শুরু হয়েছে। উপজেলায় ইন্টারনেট সপ্তাহ আয়োজনের জন্য ব্যানার এবং ফেস্টুন এর সফট কপি এসাথে প্রেরণ করা হলো।

০৩। এমতাবস্থায় প্রতিটি উপজেলায় অবস্থিত অনার্স/ডিগ্রি/উচ্চ মাধ্যমিক পর্যায়ের কলেজে (যে স্থানে সহজে লোক সমাগম ঘটানো যায়) জাতীয় ইন্টারনেট সপ্তাহ আয়োজনের লক্ষ্যে প্রেরিত নির্দেশাবলী মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সংযুক্তিঃ

১। ব্যানার এবং ফেস্টুন এর সফট কপি।

২। ইন্টারনেট সপ্তাহ আয়োজনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা ওয়ারী বাজেট বিভাজন।

৩। সংশোধিত নির্দেশাবলী।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)


মোস্টাইন বিল্লাহ
(উপসচিব)

উপ-পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২-৮১৮১২৬৫ (অফিস)

mustain15166@gmail.com

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। সিস্টেমস্ ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। পরিচালক(অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৫। প্রেসিডেন্ট, বেসিস, বিডিবিএল ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল)।
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।